**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**2 MARCH 2025** **7:45—7:55 PM IST**

=============================================================================

১) নয় দিন বিরতির পর আগামীকাল থেকে দিসপুরে আসাম বিধানসভার বাজেট অধিবেশন ।

২) জাতীয় শিক্ষানীতি প্রয়োগের পূর্বে সাধারণ শিক্ষার সংগে দক্ষতা বিকাশের শিক্ষা প্রদানের প্রত্যাহ্বান গ্রহণ করতে শিক্ষক সমাজের প্রতি ডা: রণোজ পেগুর আহ্বান ।

৩) প্রখ্যাত এথলিট পি টি উষার ডিব্রুগড় সফর নব প্রজন্মের খেলোয়ারদের উৎসাহিত করবে বলে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের মন্তব্য ।

এবং

৪) ইসলাম ধর্মালম্বীদের পবিত্র রমজান মাস আজ থেকে আরম্ভ ।

---

৯ দিন বিরতির পর আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে দিসপুরে শুরু হবে । আগামীকাল থেকে আগামী

শুক্রবার পর্যন্ত সভার বৈঠকের সময়কালে বেশ কয়েকটি বিল উত্থাপন হোয়ার সম্ভাবনা রয়েছে । ১০ ই মার্চ অর্থমন্ত্রী অজন্তা নেওগ সভায় ২০২৫-২৬ অর্থবছরের জন্য রাজ্যের সাধারণ বাজেট পেশ করবেন । ১১ ও ১২ ই মার্চ বাজেট নিয়ে আলোচনা অনুষ্ঠিত হবে । ১৩ থেকে ২০ শে মার্চ পর্যন্ত সভার স্থায়ী সমিতিগুলির বৈঠকের জন্য বিধানসভার কাজ স্থগিত থাকবে । ২১ , ২৪ ও ২৫ শে মার্চ পুনরায় সভার কাজকর্ম শুরু হবে । ও ২৫ শে মার্চ আসাম বিধানসভার এবারের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হবে । উল্লেখ্য গত ১৭ ই ফেব্রুয়ারী কোকরাঝারে প্রথম দিনের কার্যসূচীতে রাজ্যপালের ভাষনের মাধ্যমে এই অধিবেশন শুরু হয়েছিল ।

---

শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু জাতীয় শিক্ষানীতির অধীনে ৪ বছরের সংহত শিক্ষক শিক্ষা পাঠ্যক্রমে ভর্তির জন্য ছাত্র ছাত্রীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে আহ্বান জানিয়েছেন । এন টি আর দ্বারা পরিচালিত জাতীয় সাধারণ প্রবেশ পরীক্ষার জন্য শিক্ষামন্ত্রী এই আহ্বান জানান । এসম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন -

বাইট

---

শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু গৌহাটীতে অনুষ্ঠিত সারা আসাম সম্মিলিত শিক্ষক মঞ্চের দ্বিতীয় দ্বি- বার্ষিক অধিবেশনের প্রতিনিধি সভায় অংশ গ্রহণ করেন । শিক্ষামন্ত্রী ড: পেগু তার ভাষনে রাজ্যের

বিদ্যালয় শিক্ষার উন্নয়নে অনবদ্য অবদান যোগানো শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন । জাতীয় শিক্ষানীতি প্রয়োগ করার সময়কালে সাধারণ শিক্ষা সহ দক্ষতা বিকাশের শিক্ষা প্রদান করার প্রত্যাহ্বানমূলক দায়িত্ব পালন করতে তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান । সভায় শিক্ষক মঞ্চের উত্থাপন করা প্রাদেশিকীকরণ , সেবা বিধি , প্রধান শিক্ষক নিযুক্তি ইত্যাদি সমস্যাগুলি সমাধান করার জন্য সরকারের গ্রহণ করা পদক্ষেপগুলি নিয়ে শিক্ষামন্ত্রী বিস্তারিত আলোচনা করেন ।

---

গৌহাটী হাই কোর্টের নির্দেশের পর রাজ্যের হাইস্কুলগুলিতে প্রধান শিক্ষক নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ হোয়ার পথ প্রশস্ত হয়েছে । রাজ্য সরকারের মাধ্যমিক শিক্ষা সঞ্চালক মমতা হোজাই গতকাল সব জেলার বিদ্যালয়গুলির পরিদর্শকদের এসম্পর্কে পত্র প্রেরণ করেন । পত্রের মাধ্যমে প্রাদেশিকৃত হাইস্কুলগুলিতে পধান শিক্ষক পদে পদোন্নতির জন্য জেলা বাছাই সমিতির প্রস্তুত করা তালিকা ১০ দিনের মধ্যে বন্ধ খামে দাখিল করতে নির্দেশ দেওয়া হয়েছে । উল্লেখ্য গত ২৮ শে ফেব্রুয়ারী গৌহাটী হাই কোর্টে সংশোধিত আসাম মাধ্যমিক শিক্ষা সেবা নীতির আধীনে রাজ্যের হাইস্কুলগুলিতে প্রধান শিক্ষক নিযুক্তি প্রক্রিয়া ত্বরান্বিত করতে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে । এই নির্দেশনার পর সরকার হাইস্কুলগুলিতে নিয়মিত প্রধান শিক্ষক নিযূক্তি প্রদানের জন্য তৎপরতা শুরু করেছে ।

---

রাজ্য সরকার আগামী মংগলবার গৌহাটীর খানাপারায় একটি রিজোর্টে নিয়োগকর্তার অভিবর্তন ২০২৫ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করেছে । এই অনুষ্ঠানের মাধ্যমে নিয়োগ বিনিময় কার্যসূচীগুলি সম্পর্কে সচেতনতা সৃষ্টির প্রয়াস করা হবে । অনুষ্ঠানে প্রকাশ্য আলোচনা ও উন্নয়নের জন্য যোগাযোগ বৃদ্ধির প্রয়াস সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হবে । রাজ্যের প্রতিভাবান যুবক যুবতীদের নিয়োগ সম্পর্কিত বিষয়ে সুবিধা প্রদানের উদ্দেশ্যে এই অভিবর্তনের আয়োজন করা হয়েছে ।

---

নির্বাচন কমিশন স্পষ্ট করে দিয়েছে যে দুটি ভোটার পরিচয়পত্রের ই পি আই সি নম্বর এক হবার মানে এটি ভুঁয়ো বা নকল পরিচয় পত্র নয় । কমিশন এক বিবৃতিতে একথা জানিয়েছে । আগে সংবাদ মাধ্যমে দুটি ভিন্ন ভিন্ন রাজ্যের ভোটদাতার একটাই ই পি আই সি নম্বর বলে খবর প্রচার হবার পর কমিশন স্পষ্ট করে দিয়েছে যে ভোটারদের ই পি আই সি নম্বর এক হলেও বিধানসভা কেন্দ্র ,ভোটগ্রহণ কেন্দ্র তথা অন্যান্য তথ্য পৃথক পৃথক হয় । সেইসঙ্গে কমিশন বলেছে যে একজন ভোটার যে রাজ্য বা কেন্দ্রীয় শাসিত অঞ্চলের কেবল সেই ভোটকেন্দ্রেই নিজের ভোটাধিকার সাব্যস্ত করতে পারবেন যে ভোটকেন্দ্রের ভোটার তালিকায় তাঁর নাম অর্ন্তভুক্ত রয়েছে । এর বাইরে কোনো ভোটকেন্দ্রে নিজের ভোটদান সাব্যস্ত করতে পারবেন না বলে নির্বাচন কমিশন স্পষ্ট করে দিয়েছে ।

---

ভারতীয় অলিম্পিক সংস্থার সভাপতি তথা রাজ্যসভার সাংসদ প্রখ্যাত অ্যাথলিট পি টি ঊষা আজ ডিব্রুগড়ে এসেছেন । ডিব্রুগড় জেলা সংস্থার উদ্যোগে আউটডোর স্টেডিয়ামে তাঁকে আজ সম্বর্ধনা জ্ঞাপন করা হয় । এই অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর ,জাহাজ , পরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল অংশ গ্রহণ করে পি টি ঊষাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তাঁর উপস্থিতি নতুন প্রজন্মের খেলোয়াড়দের উৎসাহিত করবে বলে মন্তব্য করেন-----

বাইট

পি টি ঊষা আগামীকাল ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের ৫৬ তম বিশ্ববিদ্যালয় সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন ।

---

সমগ্র দেশে ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র রমজান মাস আজ থেকে আরম্ভ হয়েছে । ইসলাম ধর্মাবলম্বী লোকেরা এই মাসে রাতে তারাবির নামাজ পড়েন । পবিত্র রমজান মাসের শেষে ঈদ-উল-ফিতর উদযাপন করা হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রমজান উপলক্ষ্যে ইসলাম ধর্মাবলম্বী লোকেদের শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে এই পবিত্র রমজান সমাজে শান্তি ও সম্প্রীতির বাণী ছড়িয়ে দেবে । এই পবিত্র মাসটি দয়া ,সেবা ও ত্যাগকে প্রতিফলিত করে বলেও শ্রী মোদী উল্লেখ করেন ।
আসামেও ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র রমজান মাস আজ থেকে আরম্ভ হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও ধর্মীয় রীতি নীতি অনুসারে আজ থেকে ইসলাম ধর্মাবলম্বী লোকেরা ভোরে সেহরি খেয়ে রোজা পালনের মাধ্যমে আত্মনিয়ন্ত্রণ ও ত্যাগের অনুশীলন শুরু করেছেন । ইসলামী ক্যালেন্ডারের নবম মাস হিসেবে পরিচিত রমজান মাসে ইসলাম ধর্মাবলম্বীরা সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত উপবাস পালন করেন এবং সন্ধ্যায় মাগরিবের আজানের পর ইফতারের মাধ্যমে খাদ্যদ্রব্য গ্রহণ করেন । এদিকে রমজান মাস উপলক্ষ্যে বরাক উপত্যকার তিন জেলার ছোট বড় বাজারগুলিতে বিভিন্ন ধরণের ফল ,খেজুর ,জিলাপী  ইত্যাদি বিভিন্ন সুস্বাদুখাদ্যদ্রব্যে ভরে উঠেছে । উল্লেখ্য এই মাসে প্রতিদিন সন্ধ্যায় ইফতারের পর রাতে তারাবির বিশেষ নামাজ আদায় করা হয় ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে আজ শিলচর নর্মাল স্কুল প্রাঙ্গনে ১৩ জোড়া পাত্র-পাত্রীর গণ বিবাহ সম্পন্ন হয়েছে । গণ বিবাহ প্রকল্পের সভাপতি অংশু কুমার রায় জানান যে গণ বিবাহ অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৩টি পরিবারের সদস্যরা উপকৃত হয়েছেন । গণ বিবাহ উপলক্ষ্যে লায়ন্স ক্লাবের সভাপতি সুমিত দাস জানান যে গত ২১ বছর থেকে বরাক উপত্যকার দুস্থ পরিবারের ছেলে-মেয়েদের এই কার্যসূচীর অধীনে বিয়ের ব্যবস্থা করা হচ্ছে ।

---

অল ইন্ডিয়া ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের সর্ব ভারতীয় কমিটির পক্ষ থেকে আগামী চার ও পাঁচই মার্চ দিল্লীর যন্তর-মন্তরে জাতীয় অভিবর্তনের আয়োজন করা হয়েছে । এই অভিবর্তনে যোগদান করতে বরাক উপত্যকার ১৫ জন প্রতিনিধি সহ রাজ্যের দুশ জন প্রতিনিধি যোগদান করছেন । এসোসিয়েশনের আসাম রাজ্য কমিটির আহ্বায়ক অজয়

আচার্য্য জানান যে বিদ্যুৎ ক্ষেত্রের বেসরকারীকরনের প্রতিবাদে এই অভিবর্তনের আয়োজন করা হয়েছে ।

---

হাইলাকান্দির ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিস অথরিটির উদ্যোগে আগামী ৮ই মার্চ হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে একটি লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে ব্যাঙ্ক , বিদ্যুৎ , বি এস এন এল সংক্রান্ত মামলা এবং আদালতে বিচারাধীন মামলা আপোষ মীমাংসা দ্বারা নিষ্পত্তি করা হবে ।লোক আদালতের জন্য যারা আদালতের নোটিশ পেয়েছেন , তাদেরকে আগাম যোগাযোগ করতে বলা হয়েছে । লিগেল সার্ভিস অথরিটির আইনজীবি আজিজুর রহমান লস্করের সংগে এসম্পর্কিত বিষয়ে যোগাযোগ করা যাবে । ফোন নম্বর হচ্ছে- ৯৮৫৪৪৬৮৫১৭ ।

---

---